খুলনায় হত্যা মামলায় এক জনের ফাঁসির আদেশ

খুলনার ডুমুরিয়া উপজেলার চুকনগর বাজার এলাকায় গাজী আবাসিক হোটেলে মুক্তা বেগম (৩৫) নামের এক নারীকে হত্যার দায়ে আব্দুল্লাহ ওরফে সাকিব (২৩) নামের এক আসামিকে ফাঁসির আদেশ দিয়েছে আদালত।

আজ বৃহস্পতিবার খুলনার জেলা ও দায়রা জজ মশিউর রহমান চ্ধেুরী এ রায় ঘোষনা করেছেন। ফাসির দন্ডপ্রাপ্ত সাকিব বগুড়ার শাহাজাহানপুর থানাধিন সোনাইদিঘী এলাকার মোকলেছুর রহমানের ছেলে। মুক্তা বেগম বটিয়াঘাটা উপজেলার ভান্ডারকোট গ্রামের আব্দুল খালেক ফকিরের মেয়ে। মামলায় রাষ্ট্রপক্ষের কৌসুলী ছিলেন এনামুল হক।

মামলার সংক্ষিপ্ত বিবরনে যায়, ২০১৭ সালের ২০ ফেব্রুয়ারি রাতে খুলনার ডুমুরিয়া উপজেলার চুকনগর বাজার এলাকায় গাজী আবাসিক হোটেলে মুক্তা বেগমকে শ্বাসরোধে হত্যা করে সাকিব। পরদিন সকালে পুলিশ লাশ উদ্ধার করে। এঘটনায় ডুমুরিয়া পুলিশের এসআই মোঃ রুহুল আযম বাদি হয়ে মামলা দায়ের করেন। মামলার তদন্ত কর্মকর্তা এসআই নিমাই চন্দ্র কুন্ডু ২০১৮ সালের ৩০মার্চ সাকিবকে অভিযুক্ত করে আদালতে চার্জশিট দাখিল করেন। মামলায় মোট ১৯ জনের স্বাক্ষ্য গ্রহন শেষে এ রায় প্রদান করে আদালত।